মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য্য বিবরণী

স্থান ঃ- সভাপতির অফিস কক্ষ
তারিখ ঃ- ২৭-১১-২৫ খ্রঃ
সময় ঃ- ১১.৩০ - ঘটিকা

আলোচ্য সূচি ঃ

০১। গত সভার কার্য্য বিবরণী পঠন ও অনুমোদন।
০২। বিভাগীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ।
০৩। বিবিধ।

অদ্যকার সভার অত্র কমিটির সভাপতি প্রশাসক, উপজেলা পরিষদ এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতির অনুমোতি ক্রমে সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গতসভার কার্য্যবিবরণী সভায় পাঠ করে শুনান। তাতে কোন সংশোধন বা বিয়োজন না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত ও গৃহিত হয়।

বিভাগীয় আলোচনায়-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান,তাঁর দাপ্তরিক কার্য্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তেমন কোন সমস্যা নেই,তবে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানগুলি এসএমসি কমিটি কর্তৃক পরিচালনার ক্ষেত্রে প্রশিক্ষন করা হলে শিক্ষার মান উন্নয়ন সহ প্রাতিষ্ঠানিক দায়িত্ব ও কর্তব্যে কর্মরত শিক্ষকগণ আরও উৎসাহিত হতো। এ ছাড়া এ সংক্রান্ত বিষয়গুলির উপর নিম্নরুপ একটি চাহিদা পত্র/উপ- প্রকল্পের চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে।

সক্ষমতা উপ- প্রকল্প সমূহঃ

০১। মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক প্রশিক্ষন প্রদান।
০২। জে এসসি/জেডিসি, এস এস সি/দাখিল/ভোকেশনাল, এইচ এসসিবি এম কেন্দ্র সমূহে প্রয়োজনীয় সংখ্যক বেঞ্চ প্রদান।
০৩। প্রতিষ্ঠান পর্যায়ে শ্রেণী ভিত্তিক মেধাবী শিক্ষার্থীদের (১ম,২য় ও ৩য় স্থান অধিকারী) পুরুস্কার হিসাবে আর্থিক সুবিধা প্রদান।
০৪। শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শ্রেণী কক্ষ ও ওয়াস ব্লক নির্মান ও শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে ক্রিয়া সামগ্রী প্রদান।

প্রকল্প সমূহ বাছাই কমিটির অনুমোদন সাপেক্ষে বাস্তবায়নের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা পরিষদ সভায় পুনরায় চুরান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

বিবিধ, বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

27.11.25

প্রশাসক
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষ বিষয়ক স্থায়ী কমিটি
ঠাকুরগাঁও সদর

স্মারক নং-
অনুলিপি সদয় অবগরি জন্য।
০১। চেয়ারম্যান, ২২ নং সেনুয়া ইউপি, ঠাকুরগাঁও সদর
০২। চেয়ারম্যান, ১৮ নং শুখানপুখুরী ইউপি, ঠাকুরগাঁও সদর
০৩। অফিস নথি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও সদর।